গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
ময়মনসিংহ
www.mymensingh.gov.bd

ময়মনসিংহ জেলার সেপ্টেম্বর/২০২০ খ্রি. মাসের জেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মিজানুর রহমান<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২০ সেপ্টেম্বর ২০২০খ্রি. |
| সভার সময় | দুপুর ১২.৪৫ ঘটিকা |
| স্থান | অনলাইন (Zoom Software এর মাধ্যমে) |
| উপস্থিতি | ৩৪ (চৌত্রিশ) জন |

সভাপতি সভার অনলাইনে সংযুক্ত সকলকে শুভেচ্ছা জানিয়ে সেপ্টেম্বর/২০২০ মাসের জেলা আইসিটি সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই ময়মনসিংহ জেলার বিভিন্ন উপজেলায় Whatsapp, Zoom, Google Meet ইত্যাদির মাধ্যমে আইসিটি কমিটির মাসিক সভাসহ অন্যান্য সভা করার জন্য বিশেষভাবে নির্দেশনা প্রদান করেন। এরপর, সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)-কে অনুরোধ করেন। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) গত আগষ্ট মাসের সভার কার্যবিবরণীর কোন সংশোধন আছে কি না, তা জানতে চান এবং কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। পরবর্তীতে, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কমিটির সদস্য সচিব-কে ময়মনসিংহ জেলার আইসিটি কার্যক্রমের উপর উপস্থাপনার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব ময়মনসিংহ জেলার আইসিটির কার্যক্রম পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে তুলে ধরেন। বিস্তারিত উপস্থাপনার পর নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**২. জেলা আইসিটি কমিটি বিষয়ক সভার আলোচ্য বিষয়, সিদ্ধান্ত ও বাস্তবায়নঃ**

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ২.১ | সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পঃ ময়মনসিংহ জেলায় সর্বমোট ল্যাব রয়েছে ১৫৩টি। এর মধ্যে ১৪৯টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব, ০১টি ভাষা প্রশিক্ষণ ল্যাব এবং ০৩টি শেখ রাসেল ডিজিটাল ক্লাশরুম। সদস্য সচিব জানান যে, উক্ত প্রকল্পের ২য় পর্যায়ে আরোও ৫০০০ ল্যাব প্রদান করা হবে এবং একনেক-এ অনুমোদন হয়েছে। উক্ত ল্যাব প্রাপ্তির জন্য প্রকল্প পরিচালক বরাবর মাননীয় মন্ত্রী/এমপি/জেলা প্রশাসক মহোদয়ের ডিও লেটারসহ আবেদন করতে হবে। শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর শিক্ষকগণের জন্য প্রেরণকৃত প্রশিক্ষণ ম্যানুয়াল: শিক্ষক সহায়িকা পুস্তক শিক্ষকদের মাঝে বিতরণ করা হয়েছে। এছাড়াও, শেখ রাসেল ডিজিটাল ল্যাব মনিটরিং এর জন্য আইসিটি অধিদপ্তর হতে অনলাইন ভিত্তিক ল্যাব মনিটরিং ম্যানেজমেন্ট সিস্টেম তৈরি হয়েছে।<br>সদস্য সচিব জানান যে, করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে বন্ধ থাকা শেখ রাসেল ডিজিটাল ল্যাব রক্ষণাবেক্ষণ সংক্রান্ত দিকনির্দেশনামূলক পত্র প্রধান কার্যালয় থেকে মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। | ল্যাবসমূহের সুষ্ঠু ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও মেরামত এবং পরিচালনা সংক্রান্ত উপজেলা ল্যাব পরিচালনা কমিটির তদারকি জোরদার করতে হবে। ল্যাব মনিটরিং এর জন্য সহকারী প্রোগ্রামারগণ নিয়মিত পরিদর্শন এবং রিপোর্ট প্রেরণ অব্যাহত থাকবে। সকল শেখ রাসেল ডিজিটাল ল্যাবে অনলাইন ভিত্তিক ল্যাব মনিটরিং ম্যানেজমেন্ট সিস্টেম<br>এর জন্য এজেন্ট সফট্ওয়্যার ইন্সটলেশন এর কাজ দ্রুত শেষ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমানে করোনা পরিস্থিতির জন্য কার্যক্রম বন্ধ রয়েছে।<br>করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে বন্ধ থাকা শেখ রাসেল ডিজিটাল ল্যাব<br>রক্ষণাবেক্ষণ সংক্রান্ত পত্র জারি করা হয়েছে এবং পত্রের নির্দেশনা মোতাবেক ল্যাব রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>জেলা শিক্ষা অফিসার<br><br>প্রোগ্রামার<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)<br><br>সহকারী প্রোগ্রামার (সকল)<br><br>প্রধান শিক্ষক<br><br>(সকল শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম) |
| ২.২ | হাইটেক পার্ক প্রকল্পঃ ময়মনসিংহ জেলায় রহমতপুর বাইপাস সংলগ্ন কিসমতপুর মৌজায় ০৭ (সাত) একর জায়গার উপর ময়মনসিংহ হাইটেক পার্ক স্থাপন করা হবে। ১৬০ কোটি টাকা ব্যয়ে উক্ত প্রকল্পের কাজ ২০২২ সালের মধ্যে শেষ হবে। প্রকল্প দপ্তর হতে প্রাপ্ত তথ্য মতে জানা যায় যে, ৭ তলা (প্রতিফ্লোর ১৫,০০০ বর্গফুট) মাল্টিটেনেন্ট ভবন ও ৩ তলা (প্রতিফ্লোর ৭,০০০ বর্গফুট) ক্যান্টিন ও এমফিথিয়েটার ভবন নির্মাণের লক্ষ্যে দরপত্র বাছাই প্রক্রিয়া চলমান রয়েছে। একই সাথে জনবল নিয়োগ প্রক্রিয়ার বাছাই কার্যক্রম চলমান রয়েছে। | হাইটেক পার্ক কর্তৃপক্ষের তত্ত্বাবধানে কার্যক্রম চলমান রয়েছে। বিষয়টি সভাসদগণের সদয় অবগতির জন্য উপস্থাপন করা হয়। | হাইটেক পার্ক কর্তৃপক্ষ |

| | | | |
|---|---|---|---|
| ২.৩ | কানেক্টিভিটিঃ ইনফো সরকার ফেজ-২ প্রকল্পের মাধ্যমে ময়মনসিংহ জেলায় মোট ৪৫২টি অফিসে ২ MBPS করে ইন্টারনেট প্রদান করা হয়েছে। সকল অফিসে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ এর ব্যাপারে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য বিটিসিএল এবং ফাইবার@হোম এর প্রতিনিধিকে অনুরোধ করেন। | সকল উপজেলায় এবং উপজেলার অফিসসমূহের ইন্টারনেট সংযোগ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রতিনিয়ত এ কার্যক্রম চলমান থাকবে। এছাড়া বিটিসিএল এর লাইন ঠিক রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। করোনা পরিস্থিতিতে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সরবরাহের জন্য তাগিদ প্রদান করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>বিটিসিএল<br>প্রোগ্রামার<br>সহকারী প্রোগ্রামার (সকল)<br>ফাইবার@হোম, ময়মনসিংহ অঞ্চল এর প্রতিনিধি |
| ২.৪ | ভিডিও কনফারেন্সঃ ময়মনসিংহ জেলায় সর্বমোট ২০টি ভিডিও কনফারেন্স সিস্টেম রয়েছে। বর্তমানে ১৫টি ভিডিও কনফারেন্স সিস্টেম সচল রয়েছে। সেপ্টেম্বর/২০২০ মাসে এখন পর্যন্ত ০৮টি ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। | যে সকল উপজেলা/দপ্তরে ভিডিও কনফারেন্স সিস্টেম সচল নেই তাদের তালিকা এবং যে সকল যন্ত্রাংশ নষ্ট উপজেলা থেকে সে সমস্ত যন্ত্রাংশের তালিকা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক বরাবর পত্রের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। নষ্ট ভিডিও কনফারেন্স সিস্টেম/ যন্ত্রাংশসমূহ অচিরেই প্রতিস্থাপন করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>সংশ্লিষ্ট দপ্তর প্রধান<br><br>সহকারী প্রোগ্রামার |
| ২.৫ | ইনফো সরকার-৩ প্রকল্পঃ ইনফো সরকার ফেজ-৩ এর মাধ্যমে ময়মনসিংহ জেলার ১৪৬টি ইউনিয়নের মধ্যে ১০৬টি ইউনিয়নে ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি প্রদানের কার্যক্রম চলমান রয়েছে (৯৪টি ইউনিয়নে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে এবং এর মধ্যে ৭৯টি ইউনিয়নে ওয়াইফাই চালু হয়েছে)। জনাব আশরাফুল কাদির, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার বলেন যে, তারাকান্দায় কামারিয়া ইউনিয়ন এবং গফরগাঁও উপজেলার উস্থি ইউনিয়নে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সংযোগের জন্য সাময়িক সমস্যা পরিলক্ষিত হচ্ছে। ময়মনসিংহ জেলার ১১ টি উপজেলায় (সদর ও ত্রিশাল ব্যতীত) বিটিসিএল এর মাধ্যমে ২৮টি ইউনিয়নে ইতোঃপূর্বে সংযোগ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ১২টি ইউনিয়ন দুর্গম এলাকায় "তথ্য প্রযুক্তি নেটওয়ার্ক স্থাপন প্রকল্প (কানেক্টেড বাংলাদেশ)" প্রকল্পের মাধ্যমে সংযুক্ত হবে। ইনফো সরকার-৩ প্রকল্পের মাধ্যমে ফুলবাড়িয়া উপজেলায় গ্রাহক পর্যায়ে ৪৪টি, মুক্তাগাছায় ৫০টি, হালুয়াঘাটে ৩০টি, ধোবাউড়া ২৩টি, ফুলপুর ২০টি, তারাকান্দা ২০টি সহ মোট ১৮৭টি সংযোগ প্রদান করা হয়েছে। | যে সকল ইউনিয়নে সংযোগের কাজ সম্পন্ন হয়েছে সে সকল ইউনিয়ন থেকে গ্রাহক পর্যায়ে স্বল্প খরচে দ্রুত ইন্টারনেট সেবা পৌঁছে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। ইনফো সরকার ফেজ-৩ প্রকল্পের PAT (Provisional Acceptance Test) কার্যক্রম চলমান রয়েছে। প্রথম ধাপে ৪০টি এবং দ্বিতীয় ধাপে ০৬টি ইউনিয়নে সম্পন্ন হয়েছে। ০৪টি ইউনিয়ন ও ০৪টি উপজেলায় ব্যাটারি রিপ্লেসমেন্ট এর জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। PAT এর তালিকা আবশ্যিকভাবে উপজেলা নির্বাহী অফিসারদের নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমানে করোনার ঝুঁকি বিবেচনায় PAT কার্যক্রম স্থগিত রয়েছে।<br><br>তারাকান্দার কামারিয়া ইউনিয়ন এবং গফরগাঁও উপজেলার উস্থি ইউনিয়নে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বিদ্যুৎ সংযোগের বিষয়ে কমিটির সদস্য জনাব সামিউল মামুন, এসিট্যান্ট ম্যানেজার, সামিট কমিউনিকেশনস্ লিমিটেড, ময়মনসিংহ কে ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>প্রোগ্রামার<br><br>সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প)<br><br>সামিট কমিউনিকেশনস্ লি.,ময়মনসিংহ এর প্রতিনিধি |

| | | | |
|---|---|---|---|
| ২.৬ | ই-নথি প্রশিক্ষণঃ ২০১৭-১৮ এবং ২০১৮-১৯ অর্থবছরের বরাদ্দকৃত বাজেট হতে ই- নথি বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয়, জেলা ও উপজেলায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের গত ০১ সেপ্টেম্বর ২০১৯খ্রি. তারিখ থেকে ১৩টি ব্যাচে মোট ৩২৫ জনকে ০২(দুই) দিন ব্যাপী ই-নথির এন্ড ইউজার প্রশিক্ষণের আয়োজন করা হয়। ২০১৮-১৯ অর্থ বছরের অবশিষ্ট ০১টি ব্যাচের এন্ড ইউজার এবং ০৩টি ব্যাচের রিফ্রেসার্স প্রশিক্ষণের অগ্রগতির বিষয়ে আলোচনা হয়। ই-নথিতে বর্তমানে বিশেষ ক্যাটাগরির ০৬ টি জেলার মধ্যে ময়মনসিংহ এর অবস্থান ২য়। বর্তমানে জেলা পর্যায়ে ৭২টি এবং উপজেলা পর্যায়ে ১১৫টি সহ মোট ১৮৭টি অফিস ই-নথি লাইভে আছে। জেলা পর্যায়ে সরকারি অফিসের ই-নথিতে মাসিক অবস্থান তুলে ধরা হয়। ০২ সেপ্টেম্বর ২০২০খ্রি. তারিখ পর্যন্ত যে সকল উপজেলায় ই-নথি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে সেগুলো হলো ময়মনসিংহ সদর, নান্দাইল, ত্রিশাল, ঈশ্বরগঞ্জ, ফুলপুর, তারাকান্দা, মুক্তাগাছা, গফরগাঁও এবং ফুলবাড়ীয়া এই ০৯টি উপজেলা। এ পর্যন্ত ০৯টি উপজেলায় প্রতি ব্যাচে ২০জন করে ১৮০ জনের ই-নথি ইউজার প্রশিক্ষণ ০২ সেপ্টেম্বর ২০২০ খ্রি. তারিখে সম্পন্ন হয়েছে। | ই-নথি কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রশিক্ষণ প্রাপ্ত অফিসসমূহ দ্রুত লাইভে নিয়ে আসতে হবে। ২০১৮-১৯ অর্থ বছরের অবশিষ্ট ০১টি এন্ড ইউজার ও ০৩টি রিফ্রেসার্স প্রশিক্ষণ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এর ই-নথিতে স্ব উদ্যোগে নোট এবং পত্রজারীর সংখ্যা বাড়াতে বলা হয়েছে। যে সকল উপজেলাতে বরাদ্দ প্রদান করা হয়েছে সে সকল উপজেলায় প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং অচিরেই উপজেলা পর্যায়ে প্রতি ব্যাচে ৩০জন করে প্রশিক্ষণ প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। ৩০ সেপ্টেম্বর ২০২০খ্রি. তারিখের মধ্যে ই-নথি প্রশিক্ষণ শুরুর সম্ভাব্য তারিখ নির্ধারণ করা হয়েছে।<br>একই সাথে জেলা ও উপজেলা কার্যালয়ের ই-নথি কার্যক্রম গতিশীল করার জন্য যেসকল সরকারি অফিস লাইভে আছে সেসকল অফিসকে তাগিদ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>প্রোগ্রামার<br><br>সহকারী প্রোগ্রামার (সকল) |
| ২.৭ | আউটসোর্সিং ও ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের আয়োজনের ব্যবস্থাঃ শিক্ষিত বেকার যুবক-যুবতীদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় ফ্রিল্যান্সার হিসেবে গড়ে তোলার লক্ষ্যে জেলা পর্যায়ে ২০১৮-২০১৯ অর্থবছরে ২০ জনের ১৫ দিনব্যাপী প্রশিক্ষণের জন্য অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। সে লক্ষ্যে উক্ত প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে প্রশিক্ষণার্থী নির্বাচন ও প্রশিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি প্রস্তুত করা হয়েছে। | জেলা পর্যায়ে আউটসোর্সিং প্রশিক্ষণ করোনা পরবর্তী দ্রুততম সময়ে শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br><br>প্রোগ্রামার |

| | | | |
|---|---|---|---|
| ২.৮ | <u>জেলা ও উপজেলা আইসিটি কমিটির নিয়মিত সভার আয়োজনের ব্যবস্থাঃ</u><br>উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী প্রোগ্রামারগণকে উপজেলা আইসিটি কমিটির মাসিক সভা নিয়মিত আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। আইসিটি ব্যবহার করে Whatsap, Zoom, Google Meet ইত্যাদির মাধ্যমে সভা করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি, সদস্য সচিবকে আইসিটি অধিদপ্তরের উপজেলার সকল সহকারী প্রোগ্রামারগণকে নিয়ে তাঁর উপস্থিতিতে জেলা মাসিক সমন্বয় সভা করার জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়াও উপজেলা পর্যায়ে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের নিয়ে প্রতিমাসে মতবিনিময় সভা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদান করা হয়। | প্রতি মাসে উপজেলা আইসিটি কমিটির সভার আয়োজনের পাশাপাশি কার্যকরী উদ্যোগ গ্রহণ করা এবং উপজেলা আইসিটি কমিটির কার্যবিবরণী জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এ প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। আইসিটি অধিদপ্তরের সকল সহকারী প্রোগ্রামারগণকে নিয়ে জেলা মাসিক সমন্বয় সভা আয়োজন করতে হবে। উপজেলা পর্যায়ে উদ্যোক্তাদের সাথে প্রতি মাসে মতবিনিময় সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। সকল সভা আইসিটি ব্যবহার করে Whatsap, Zoom, Google Meet ইত্যাদির মাধ্যমে করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>সহকারী প্রোগ্রামার (সকল) |
| ২.৯ | <u>লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্পঃ</u><br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্প কর্তৃক Professional Outsourcing Training শিরোনামে ফাউন্ডেশন ও স্পেশালাইজেশনসহ যুগোপযুগী কারিকুলামের মাধ্যমে ময়মনসিংহ জেলার ৩৬টি ব্যাচে প্রতিটি ব্যাচে ২০জন করে ৭২০ জনের অনলাইন প্রশিক্ষণ চলমান রয়েছে।<br>তন্মধ্যে Digital Marketing এ ১৪টি ব্যাচ, Graphics Design এ ১০টি ব্যাচ এবং Web Design এ ১২টি ব্যাচে প্রতিদিন ০৪ঘন্টা করে ৫০ দিনব্যাপী (২০০ ঘন্টা) প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। জেলার প্রজেক্ট ম্যানেজার জনাব মাহমুদুল হাসান মুন বলেন এখন পর্যন্ত ০৮টি ব্যাচ লার্নিং শেষ করে আর্নিং করছে এবং মোট ১১,৭৬৪ ডলার আয় করেছে। প্রশিক্ষণের শর্ত অনুযায়ী প্রশিক্ষণার্থীদের মধ্যে অনেকেই ১০টি প্রজেক্ট শেষ করেছে অথবা ১০০ ডলার আয় করেছে। এ জেলায় প্রশিক্ষণের দায়িত্ব পালন করছে Digicon Technologies Ltd. & Jv. | লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্প কর্তৃক Professional Outsourcing Training কোর্সে অংশগ্রহণের জন্য অনলাইন রেজিস্ট্রেশন ও অনলাইনে প্রশিক্ষণার্থী নির্বাচনের জন্য পরীক্ষা গ্রহণের মাধ্যমে প্রশিক্ষণার্থী নির্বাচন করে গত ১৭ মে ২০২০খ্রি. তারিখ থেকে মোট ৩৬ টি ব্যাচে ৭২০ জন প্রশিক্ষণার্থীর অনলাইনে প্রশিক্ষণ চলমান রয়েছে। প্রকল্পের ময়মনসিংহ জেলার ভেন্ডরের দায়িত্ব পালনকারী কো-অর্ডিনেটরকে উপজেলা ভিত্তিক প্রশিক্ষণার্থীদের তালিকা এবং উপজেলা ভিত্তিক আয়ের তালিকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রশাসন ময়মনসিংহ<br><br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br><br>জনাব মাহমুদুল হাসান মুন, প্রতিনিধি, Digicon Technologies Ltd. & Jv. |

| | | | |
|---|---|---|---|
| ২.১০ | <u>করোনা ভাইরাস (কোভিড-১৯) দুর্যোগকালীন সময়ে আইসিটির ব্যবহার বৃদ্ধিঃ</u> আইসিটি ব্যবহার করে Whatsap, Zoom, Google Meet ইত্যাদির মাধ্যমে সভা অনুষ্ঠিত হচ্ছে। ময়মনসিংহ অনলাইন School-এ সপ্তাহে ২৪ ঘন্টা Class চলছে। কমিটির আরো এক সদস্য জনাব ইসমাইল হোসেন এ সময়ে ই-কমার্স বিজনেস ডেভেলপমেন্ট এবং Good Food Web page চালু করেন। সভায়, সভাপতি এ জেলার সকল উপজেলার ডাক্তারদের নিয়ে তৈরি borodakter.info লিংকের মাধ্যমে প্রবেশ করে বিনামূল্যে ডাক্তারের পরামর্শ নেয়া যাবে বলে কমিটির সকল সদস্যদের অবগতি করেন। তিনি আরোও অবহিত করেন যে, খাদ্য বান্ধব কর্মসূচির তালিকা যাচাই-বাছাই করার জন্য কমিউনিটি ইন্সপেকশন টুল নামে একটি অ্যাপ তৈরি করা হয়েছে। কমিটির সদস্য জনাব মোঃ মোখলেছুর রহমান, পরিচালক, আনন্দ মাল্টিমিডিয়া জানান যে, সভাপতি মহোদয়ের সহযোগীতায় তিনি ০২টি সফটওয়্যার নিয়ে কাজ করেছেন।একটি হচ্ছে www.sadaidei.com; যার মাধ্যমে অনলাইনে কেনাবেচা করা যাবে এবং অন্যটি হচ্ছে borodakter.info যার মাধ্যমে প্রবেশ করে বিনামূল্যে ডাক্তারের পরামর্শ নেয়া যাবে। | ভলান্টিয়ারসহ সকলকে কমিউনিটি ইন্সপেকশন টুল এবং borodakter.info কার্যক্রম বিনামূল্যের সেবাটি জনগণের কাছে পৌঁছে দেয়ার জন্য ব্যাপক প্রচার ও ব্যবহারে উদ্বুদ্ধ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। borodakter এর কার্যক্রম জোরদার করার লক্ষ্যে ডাক্তারদের নিয়ে একটি Zoom মিটিং আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। ত্রাণ বিষয়ে কোন অভিযোগ থাকলে কমিউনিটি ইন্সপেকশন টুলে ফেইসবুক পেইজের মাধ্যমে কারও কোন অভিযোগ থাকলে জানাতে পারবেন। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>জেলা শিক্ষা অফিসার<br><br>জেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br><br>জনাব খুরশিদ আলম<br><br>জনাব ইসমাইল হোসেন<br><br>জনাব মোঃ মোখলেছুর রহমান |

| | | | |
|---|---|---|---|
| ২.১১ | <u>অনলাইন ক্লাশ কার্যক্রমঃ</u> আইসিটি শিক্ষক ফোরামের সাধারণ সম্পাদক জনাব মোঃ খুরশীদ আলম জানান যে, সকল উপজেলায় অনলাইনে ক্লাস কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে ইতোমধ্যে ০৯ টি উপজেলার শিক্ষকদের সাথে সভা সম্পন্ন করেছেন। ফলশ্রুতিতে, এসব উপজেলায় অনলাইনে ক্লাশ নেওয়ার প্রবণতা যেমন বেড়েছে তেমনি ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের কাছ থেকে আশানুরুপ সাড়া পাওয়া যাচ্ছে। তিনি আরোও জানান যে, অনলাইন ক্লাশ কার্যক্রমের সাথে জড়িত সকল উপজেলার স্কুল এবং শিক্ষকদের সমন্বয়ে একটি ডাটাবেইস তৈরির কাজ চলমান রয়েছে। তিনি আরোও জানান যে, হালুয়াঘাট ও ধোবাউড়া উপজেলায় অনলাইনে ক্লাশ নেওয়ার জন্য সেরা শিক্ষক নির্বাচন করা হয় এবং তাঁদের পুরস্কৃত করা হয়। বর্তমানে জেলায় ৩৫৮টি শিক্ষা প্রতিষ্ঠান ফেইসবুক পেইজের মাধ্যমে অনলাইন ক্লাশ পরিচালনায় যুক্ত হয়েছে। এর মধ্যে গৌরীপুর ও ধোবাউড়া উপজেলায় ফেইসবুক পেইজ এর মাধ্যমে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি মহোদয়ের নির্দেশনায় গত ২০ জুলাই ২০২০খ্রি. তারিখ হতে শিক্ষকদের অনলাইনে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।আইসিটি শিক্ষক ফোরামের সাধারণ সম্পাদক জনাব মোঃ খুরশীদ আলম জানান যে, ২০ আগষ্ট হতে ৩০ আগষ্ট ২০২০খ্রি. তারিখ পর্যন্ত ১৫০০ শিক্ষক এবং ০১ সেপ্টেম্বর হতে ১৪ সেপ্টেম্বর ২০২০খ্রি. পর্যন্ত ১০০০ শিক্ষকের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ১৭ সেপ্টেম্বর হতে ২২ সেপ্টেম্বর ২০২০খ্রি. পর্যন্ত প্রতিদিন ১০০ জন শিক্ষকের প্রশিক্ষণ চলবে। এছাড়া গুগল ফরম এর মাধ্যমে প্রতিটি উপজেলার অনলাইন ক্লাসগুলো আপলোডের কাজ চলমান রয়েছে। এছাড়া আইসিটি শিক্ষক ফোরামের পক্ষ থেকে একটি ওয়েব সাইট ডেভেলপ এর কাজ চলছে এবং এটি ০৫ অক্টোবর ২০২০খ্রি. তারিখে শুভ উদ্বোধন করা হবে। | অনলাইন ক্লাশ কার্যক্রমের সাথে জড়িত সকল উপজেলার স্কুল এবং শিক্ষকদের সমন্বয়ে একটি ডাটাবেইস তৈরি করতে হবে।<br>হালুয়াঘাট ও ধোবাউড়া উপজেলায় অনলাইনে ক্লাশ নেওয়ার প্রেক্ষিতে সেরা শিক্ষক নির্বাচন ও তাঁদের পুরস্কৃত করায় উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, উপজেলা নির্বাহী অফিসার, ধোবাউড়া, উপজেলা আইসিটি টিচার্স ফোরাম ও ক্রিয়েটিভ টিচার্স ফোরাম হালুয়াঘাটকে বিশেষ ধন্যাবাদ প্রদান করা হয়। একই সাথে সকল উপজেলায় এধরনের কার্যক্রম গ্রহণের জন্য আহবান জানানো হয়। গৌরীপুর ও ধোবাউড়া উপজেলায় শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ পাঠদান অনলাইনে সম্পন্ন করায় স্ব স্ব উপজেলা নির্বাহী অফিসারগণকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।এছাড়া জেলা প্রশাসন, ময়মনসিংহ এর ইনোভেশন ফান্ড থেকে যেসব শিক্ষকরা অনলাইনে ক্লাশ পরিচালনা করেছে তাদেরকে পুরস্কৃত করার ঘোষণা প্রদান করা হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>জেলা শিক্ষা অফিসার<br><br>প্রোগ্রামার<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)<br><br>সহকারী প্রোগ্রামার (সকল)<br><br>সম্পাদক, উপজেলা আইসিটি টিচার্স ফোরাম<br><br>সম্পাদক, ক্রিয়েটিভ টিচার্স ফোরাম এর সম্পাদক |

| | | | |
|---|---|---|---|
| ২.১২ | <u>ওয়েব পোর্টাল হালনাগাদকরণ সংক্রান্তঃ</u> জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি অফিসের ন্যাশনাল ওয়েব পোর্টাল হালনাগাদের মাসিক অবস্থান এবং বিশেষ করে যেসকল সরকারি অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ অপেক্ষাকৃত কম হয়েছে সেগুলোর অবস্থান তুলে ধরা হয়। জেলার সকল সরকারি দপ্তরে ওয়েব পোর্টাল হালনাগাদকরণের তাগিদ প্রদান করা হয়। | জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি অফিসের ন্যাশনাল ওয়েব পোর্টাল হালনাগাদ কার্যক্রম গতিশীল করার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। উপজেলা ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য সকল দপ্তরকে উদ্যোগ গ্রহণের তাগিদ প্রদান করা হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>প্রোগ্রামার<br>সহকারী প্রোগ্রামার (সকল) |

৩.অতঃপর, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মিজানুর রহমান
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ৫৬.০৪.৬১০০.০০০.০৬.০০১.১৯.৩৮

তারিখ: ৩১ আশ্বিন ১৪২৭
১৬ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় সংসদ সদস্য (সকল), ময়মনসিংহ
২) পুলিশ সুপার, ময়মনসিংহ
৩) সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, জেলা সিভিল সার্জনের কার্যালয়, ময়মনসিংহ
৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, জেলা পরিষদ, ময়মনসিংহ
৫) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
৬) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ময়মনসিংহ
৭) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ
৮) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
১০) অধ্যক্ষ, আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ
১১) অধ্যক্ষ, মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ
১২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ময়মনসিংহ
১৩) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ
১৪) উপ পরিচালক, জেলা সমাজ সেবা অফিস, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ
১৫) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, ময়মনসিংহ
১৬) বিভাগীয় প্রকৌশলী, বিটিসিএল, ময়মনসিংহ
১৭) অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ময়মনসিংহ

১৮) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ

১৯) প্রধান শিক্ষক, ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ

২০) সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ময়মনসিংহ

২১) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প, বিসিসি

২২) জনাব ফারামার্জ আল নূর রাজিব, এডভোকেট, জজ কোর্ট, ময়মনসিংহ

২৩) জনাব হুমায়ুন কবীর, ডেপুটি ম্যানেজার, ফাইবার@হোম লিমিটেড, ময়মনসিংহ

২৪) জনাব বুলবুল হোসেন, সাধারণ সম্পাদক, আইসিটি ডেভেলপমেন্ট ফোরাম

২৫) জনাব মোঃ খুরশীদ আলম, সাধারণ সম্পাদক, আইসিটি শিক্ষক ফোরাম, ময়মনসিংহ।

২৬) জনাব মোঃ মোখলেছুর রহমান, পরিচালক, আনন্দ মাল্টিমিডিয়া, ময়মনসিংহ

২৭) জনাব সামিউল মামুন, এসিট্যান্ট ম্যানেজার, সামিট কমিউনিকেশন লিমিটেড, ময়মনসিংহ

২৮) জনাব এস এ এম বশির, CTO, অনিক কম্পিউটার নেটওয়ার্ক, ময়মনসিংহ

২৯) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

নূরে আলম সিদ্দীকী
প্রোগ্রামার